**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৪ ফেব্রুয়ারি ২০১৬, ২২ মাঘ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পে-স্কেলের সঙ্গে মিল রেখে সাংবাদিকদের বেতন বৈষম্য দূর করতে হবে : রাষ্ট্রপতি

২। ‘পদ্মা সেতু’ ২০১৮ সালের মধ্যে যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে : প্রধানমন্ত্রী

৩। রূপপুর বিদ্যুৎ কেন্দ্রের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে: প্রধানমন্ত্রী

৪। ৫৬ ব্যাংকের সেবা এখনও মানুষের দোরগোড়ায় পৌঁছেনি : অর্থমন্ত্রী

৫। স্কুলের বাড়তি ফি ৭ দিনের মধ্যে ফেরতের নির্দেশ

৬। গরিব রোগীদের কথা চিন্তা করে ক্যান্সার চিকিৎসার ব্যয় কমানো উচিত : স্বাস্থ্যমন্ত্রী

৭। জিএসপি না পাওয়া পর্যন্ত টিকফা কার্যকর হবে না : সংসদে বাণিজ্যমন্ত্রী

৮। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আজ শুরু

৯। বিশ্ব খাদ্য সংস্থার নির্বাহী বোর্ডের সদস্য বাংলাদেশ

১০। বিপন্ন বাঘ সুরক্ষায় ঘুরে বেড়াবে টাইগার ক্যারাভান

চলমান পাতা/২

**১। পে-স্কেলের সঙ্গে মিল রেখে সাংবাদিকদের বেতন বৈষম্য দূর করতে হবে : রাষ্ট্রপতি**

ঘোষিত নতুন জাতীয় বেতন স্কেলের সঙ্গে সামঞ্জস্য রেখে সাংবাদিকদের বেতন বৈষম্য দূর করতে সরকারকে উদ্যোগ নেয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, সম্প্রতি সরকার ঘোষিত অষ্টম পে-স্কেলের ফলে সাংবাদিকরা বৈষম্যবোধ করছেন। আমি আশা করি, সরকার এ ব্যাপারে যথাযথ মনোযোগ দেবে। গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনের ঢাকা সাংবাদিক ইউনিয়নের দ্বি-বার্ষিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক**(পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **দৈনিক অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। 'পদ্মা সেতু' ২০১৮ সালের মধ্যে যান চলাচলের জন্য খুলে দেওয়া হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে বরাদ্দকৃত প্রতিটি টাকা যথাযথভাবে জনস্বার্থে খরচ হচ্ছে কিনা, তা তদন্ত করে দেখার জন্য সংসদ সদস্যদের প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন। তিনি বলেন, আওয়ামী লীগ সরকারের সাহসী, স্বাধীনচেতা ও দৃঢ় সিদ্ধান্ত গ্রহণের ফলেই কারও সাহায্য ছাড়াই নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের কাজ যথাসময়ে শুরু করা সম্ভব হয়েছে। সেতুর নির্মাণ কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে এবং ২০১৮ সাল নাগাদ এ সেতু যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া সম্ভব হবে। গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদের অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ,.১ ক.২), **প্রথম আলো,** (পৃ.২,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৩), **অবজারভার** (পৃ.১, ক.৬), **নিউজ টুডে, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। রূপপুর বিদ্যুৎ কেন্দ্রের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে হবে: প্রধানমন্ত্রী**

রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ প্রকল্পের জাতীয় কমিটির চতুর্থ বৈঠকে এই স্থাপনা নির্মাণ কাজ যথাযথভাবে শেষ করতেও সংশ্লিষ্টদের নির্দেশ দেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ. ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৪। ৫৬ ব্যাংকের সেবা এখনও মানুষের দোরগোড়ায় পৌছেনি : অর্থমন্ত্রী**

দেশে ৫৬টি ব্যাংক থাকলেও ব্যাংকিং সেবা এখনও মানুষের দোরগোড়ায় পৌছেনি বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আর্থিকভাবে দেশকে স্বাবলম্বী করতে হলে সব ধরণের ব্যাংকিং সেবা সব মানুষের দোরগোড়ায় পৌছে দিতে হবে। দেশের অর্থনীতির প্রবৃদ্ধির উন্নতির সঙ্গে আমাদের অভ্যন্তরীণ উৎপাদনও বাড়াতে হবে। ব্যাংকিং খাতে দুর্নীতি ও অনিয়ম রোধে সবাইকে সতর্কতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে বলে তিনি মত প্রকাশ করেন। গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর একটি হোটেলে জনতা ব্যাংক লিমিটেডের বার্ষিক সম্মেলন-২০১৬ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ. ক.২)।

**৫। স্কুলের বাড়তি ফি ৭ দিনের মধ্যে ফেরতের নির্দেশ**

যেসব শিক্ষা প্রতিষ্ঠান এসএসসি পরীক্ষায় ফরম পূরণ, স্কুলে ভর্তি ও অন্যান্য ক্ষেত্রে অতিরিক্ত ফি নিয়েছে তাদের সে অর্থ ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। ফেরত না দেওয়া শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন ও কমিটি বাতিলসহ বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার হুশিয়ারি উচ্চারণ করেছেন মন্ত্রী। শিক্ষামন্ত্রী গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার সচিবালয়ে সাংবাদিকদের বলেন, আগামী সাত দিনের মধ্যে শিক্ষার্থীদের কাছে থেকে নেওয়া অতিরিক্ত অর্থ ফেরত দিয়ে সংশ্লিষ্ট বোর্ডকে জানাতে হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **প্রথম আলো,** (শেষ পৃ ক.৩), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.ক.১), **সংবাদ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।।

**৬। গরিব রোগীদের কথা চিন্তা করে ক্যান্সার চিকিৎসার ব্যয় কমানো উচিত : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, গরিব রোগীদের কথা চিন্তা করে ক্যান্সার চিকিৎসার ব্যয় কমানো উচিত। সরকারি হাসপাতালগুলোতে ক্যান্সার রোগীদের অনেক চাপ থাকে। বাধ্য হয়ে অনেক নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণির মানুষ বেসরকারি হাসপাতালের চিকিৎসা নিতে যান। কেউ কেউ টাকার অভাবে অকালে মৃত্যুর কোলে ঢলে পড়েন। চিকিৎসা করতে গিয়ে অনেকে নিঃস্ব হয়ে যান। গতকাল ৩ ফেব্রুয়ারি বুধবার প্রথম আলো কার্যালয়ে 'বাংলাদেশে ক্যান্সার চিকিৎসার সামর্থ্য ও সম্ভাবনা' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র- **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৭। জিএসপি না পাওয়া পর্যন্ত টিকফা কার্যকর হবে না : সংসদে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, যুক্তরাষ্ট্রের দেওয়া ১৬টি শর্ত পূরণ করার পরও তারা বাংলাদেশকে জিএসপি (জেনারালাইজড সিস্টেম অফ প্রেফারেন্সেস) সুবিধা দিচ্ছে না। তিনি বলেন জিএসপি সুবিধা ফিরে না পাওয়া পর্যন্ত টিকফা চুক্তি কার্যকর হবে না। গতকাল ৩ ফেব্রুয়ারি জাতীয় সংসদের ৯ম অধিবেশনের কার্যদিবসে এক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৮। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আজ শুরু**

আজ ৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার শুরু হচ্ছে 'জাতীয় প্রাথামিক শিক্ষা সপ্তাহ-২০১৬' প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে পালিত এ কর্মসূচির এবারের প্রতিপাদ্য 'মানসম্মত শিক্ষা, জাতির প্রতিজ্ঞা'। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে উদ্বোধন অনুষ্ঠান আজ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **প্রথম আলো,** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

**৯। বিশ্ব খাদ্য সংস্থার নির্বাহী বোর্ডের সদস্য বাংলাদেশ**

জাতিসংঘের 'বিশ্ব খাদ্য সংস্থা'-এর নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে বাংলাদেশ। এখন থেকে আগামী তিন বছরের (২০১৬-১৮) জন্য জাতিসংঘের সব সদস্য রাষ্ট্রের সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত করা হয়েছে। গত ২ ফেব্রুয়ারি মঙ্গলবার জাতিসংঘের সদর দফতরে ভোটের মাধ্যমে সংস্থাটির সব সদস্য রাষ্ট্র সর্বসম্মতিক্রমে বাংলাদেশকে নির্বাচিত করে। এর মধ্য দিয়ে বাংলাদেশের কৃষি উন্নয়নে বিশ্বের আস্থা সুদৃঢ় হয়েছে বলে মনে করা হচ্ছে। সূত্র- **সংবাদ** (পৃ.১ ক.৩), **ইত্তেফাক** (পৃ,৪, ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.ক.৪)।

**১০। বিপন্ন বাঘ সুরক্ষায় ঘুরে বেড়াবে টাইগার ক্যারাভান**

সুন্দরবনে জীব বৈচিত্র্য ও বিপন্ন বাঘ রক্ষায় দেশজুড়ে সচেতনতা তৈরিতে দুই বছরব্যাপী প্রচার অভিযান শুরু করবে টাইগার ক্যারাভ্যান নামে একটি বাস। আগামী **১১** ফেব্রুয়ারি রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে বসবে সংলাপ 'টাইগার টক'। সেখানেই বন ও পরিবেশমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এ কর্মসূচির উদ্বোধন করবেন। গতকাল ৩ ফেব্রুয়ারি ডেইলি স্টার কনফারেন্স রুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। **সূত্র- সংবাদ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** বিশ্ববাজারের সঙ্গে সংগতি রেখে দেশে জ্বালানি তেলের মূল্য কমানোর সুপারিশ।

খ. **ইত্তেফাক, সমকাল, যুগান্তর, সংবাদ, যায়যায়দিন, ডেইলি সান, নিউ নেশন :** কেরানীগঞ্জের শিশু আব্দুল্লাহকে অপহরণকারীরা মুক্তিপণ পেয়েও হত্যা করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে শিশুদের প্রতি নৃশংসতাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

গ. **সংবাদ, সমকাল, ভোরর কাগজ, যুগান্তর, ইনকিলাব :** বাংলাদেশে একাত্তরের মানবতাবিরোধী অপরাধীদের বিচারের অযাচিত বিরোধীতা এবং এর ধারাবাহিকতায় পাকিস্তান একের পর এক কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত ও ঔদ্ধত্যপূর্ণ আচরণ করায় নিন্দা জানিয়ে রাষ্ট্রটির সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে তাদেরকে এ মনোভাব পরিবর্তন করতে হবে বলে মত প্রকাশ।

ঘ. **ইনকিলাব :** মধ্য আমেরিকা, দক্ষিণ আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চলসহ বিশ্বের অন্তত ৩০টি দেশে জিকা ভাইরাস ছড়িয়ে পড়ার প্রেক্ষাপটে বিশ্ব স্বাস্থ্য সংস্থার রেড অ্যালার্ট জারি করার কথা উল্লেখ করে বাংলাদেশকে এ ব্যাপারে সতর্ক থাকার পরামর্শ।

ঙ. **ডেইলি স্টার :** ময়মনসিংহের কাদিরগর ন্যাশনাল পার্কের সংরক্ষিত অঞ্চলের গাছ কাটায় জড়িত অবৈধ স'মিল মালিকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বিভিন্ন বাধা সত্ত্বেও ২০১৩ সালের অর্থনৈতিক জরিপে বাংলাদেশে নারী কর্মীসংখ্যা বেড়ে যাওয়ার চিত্র বাংলাদেশের অগ্রগতিরই প্রতিফলন বলে অভিমত।

ছ. **ডেইলি সান :** পাবর্ত্য চট্টগ্রামের পাহাড়ি এলাকায় উৎপাদিত কৃষিজাত পণ্য সামগ্রীর ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত করতে সে অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত করার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** নারী ও শিশু পাচার বন্ধে সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ নেশন :** চট্টগ্রামের সীতাকুণ্ডের বড় কুমিরায় পাহাড় কেটে ব্যবসা প্রতিষ্ঠান তৈরির ঘটনায় জড়িত ব্যক্তির বিরুদ্ধে স্থানীয় প্রশাসনকে আইনি ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে সাংস্কৃতিক এক নবজাগৃতির মাধ্যমে আমরা মূল্যবোধের অবক্ষয় রোধ করতে পারি বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'গণতন্ত্র ও আইনের শাসন'** শিরোনামের নিবন্ধে সৈয়দ মাসুদ মোস্তফা দেশে সুশাসন নিশ্চিতের জন্য সরকার ও সংবিধান থাকলেও আত্মকেন্দ্রিক ও গোষ্ঠীগত রাজনীতির কারণে দেশের মানুষ সে সুবিধা থেকে বঞ্চিত বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা